কিশোরগঞ্জ উপজেলার জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত ফলোআপ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: আরিফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার,
কিশোরগঞ্জ নীলফামারী।

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ, নীলফামারী

তারিখ : ০৩/০৯/২০২৬খ্রি:

সময় : বিকাল ০৪.০০ ঘটিকা।

সভায় উপস্থিত অনুপস্থিত সদস্যবৃন্দের নামের/তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো। সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে সভায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতি, পেন্ডিং আবেদন নিষ্পত্তি, সংশ্লিষ্টদের জবাবদিহিতা নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের গতি বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়—

১। তালিকা দাখিল:
সকল ইউনিয়ন পরিষদ হতে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত প্রয়োজনীয় তালিকা/তথ্য যাচাই-বাছাই সম্পন্ন করে আগামী ০৬/০৯/২০২৬ খ্রি: তারিখ রবিবার বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে উপজেলা প্রশাসনের নিকট দাখিল করতে হবে।

২। ইউনিয়ন পরিষদ সচিবদের আইডি ক্লিয়ার ও ফলোআপ সভা:
আগামী ০৭/০৯/২০২৬ খ্রি: তারিখ রোজ সোমবারের মধ্যে সকল ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তাগণের সংশ্লিষ্ট আইডিতে বিদ্যমান পেন্ডিং/অমীমাংসিত বিষয়সমূহ যাচাইপূর্বক ক্লিয়ার করতে হবে। একই দিন বিকাল ৪:০০ ঘটিকায় ফলোআপ সভা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কোন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের আইডিতে কতটি আবেদন/কেস পেন্ডিং রয়েছে—তার হালনাগাদ পরিসংখ্যান উপস্থাপন ও অবহিত করতে হবে।

৩। গ্রাম পুলিশদের অবহিতকরণ ও জবাবদিহিতা:
আগামী ০৮/০৯/২০২৬ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার গ্রাম পুলিশদের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে তাদের দায়িত্ব ও করণীয় সম্পর্কে যথাযথভাবে অবহিত করা হবে। দায়িত্ব পালনে কোনো ধরনের গাফিলতি, অসহযোগিতা বা তথ্য প্রদানে ব্যর্থতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের জবাবদিহিতার আওতায় আনা হবে।

উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়ন করার জন্য এবং অগ্রগতি নিয়মিতভাবে উপজেলা প্রশাসনকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মো: আরিফুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoreganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২৬- ৯৯৩ তারিখঃ ০৩/০৯/২০২৬ খ্রিঃ।

০১। জেলা প্রশাসক, নীলফামারী।
০২। চেয়ারম্যান ও নিবন্ধক (সকল) কিশোরগঞ্জ, নীলফামারী।

উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ,নীলফামারী।

CamScanner